রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ৪, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ২১ জ্যৈষ্ঠ ১৪১৪/৪ জুন ২০০৭

**এস, আর, ও নং ৯৮-আইন/২০০৭।**—যেসব ব্যক্তি, কোম্পানী বা অন্যান্য করদাতা চলতি কর বৎসর বা/এবং তৎপূর্ববর্তী পাঁচ কর বৎসরের যে কোন এক বা একাধিক বৎসরের আয় বা/এবং কৃত বিনিয়োগ যথা জমি, দালান, গাড়ী, ব্যাংক ব্যালান্স, স্টক ইত্যাদি ইতিপূর্বে যথাযথভাবে আয়কর রিটার্ণে প্রদর্শন করিতে ব্যর্থ হইয়াছেন, Income Tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার তাঁহাদের নিম্নরূপ সুযোগ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিল, যথা ঃ—

(ক) যদি তিনি টি,আই,এনভুক্ত করদাতা না হইয়া থাকেন, তিনি টি,আই,এন গ্রহণপূর্বক যেই বৎসর হইতে তিনি কর প্রদানের যোগ্য হইয়াছেন সেই বৎসর হইতে পরবর্তী সকল বৎসরসমূহের কর অনারোপিত আয় ও বিনিয়োগ প্রদর্শন করিয়া স্বেচ্ছায় আয়কর রিটার্ণ দাখিলপূর্বক আয়কর পরিশোধ করিতে পারিবেন;

(খ) যদি তিনি টি,আই,এনভুক্ত করদাতা হইয়া থাকেন, তিনি চলতি কর বৎসরের কর নির্ধারণ সম্পন্ন হওয়ার আগে সংশোধিত আয়কর রিটার্ণ দাখিলের মাধ্যমে উপরিউক্ত কর বৎসরের অপ্রদর্শিত আয় ও বিনিয়োগ প্রদর্শনপূর্বক যথাযথভাবে আয়কর পরিশোধ করিতে পারিবেন এবং পূর্ববর্তী পাঁচ কর বৎসরের কর অনারোপিত আয় ও কৃত বিনিয়োগের বিষয়ে সংশ্লিষ্ট উপ কর কমিশনারকে অবহিত করিতে পারিবেন যাহার ভিত্তিতে উপ কর কমিশনার আয়কর অধ্যাদেশের অধীনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক তাঁহাকে কর পরিশোধের সুযোগ প্রদান করিবেন;

(গ) যদি তিনি কর নির্ধারণ ইতোমধ্যে সম্পন্ন হইয়া যাওয়ার কারণে উপরিউক্ত (খ) পদ্ধতির আওতায় সুযোগ নিতে না পারেন, তিনি চলতি করবৎসর ও পূর্ববর্তী পাঁচ কর বৎসরের কর অনারোপিত আয় ও কৃত বিনিয়োগের বিষয়ে অবহিত করিতে পারিবেন যাহার ভিত্তিতে উপ কর কমিশনার আয়কর অধ্যাদেশের অধীনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক তাঁহাকে কর পরিশোধের সুযোগ প্রদান করিবেন;

(ঘ) কর অনারোপিত আয় বা বিনিয়োগের উপর সংশ্লিষ্ট বৎসরের জন্য প্রযোজ্য হারে আয়কর প্রদেয় হইবে এবং উপরোক্ত আয়করের উপর হ্রাসকৃত ৫% হারে জরিমানা প্রযোজ্য হইবে।

২। যে সকল করদাতা উপরিউক্ত যে কোন পন্থায় ৩১শে জুলাই, ২০০৭ এর মধ্যে স্বপ্রণোদিত হইয়া কর অনারোপিত আয় বা বিনিয়োগ প্রদর্শন করিবেন এবং আয়কর ও জরিমানা পরিশোধ করিবেন তাঁহাদের বিরুদ্ধে পূর্বে যথাসময়ে আয়কর পরিশোধ না করিবার কিংবা যথাযথভাবে রিটার্ণ দাখিল না করিবার জন্য Income Tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর অধীনে, অনুচ্ছেদ ১(ঘ)-এ বর্ণিত ৫% জরিমানা ব্যতীত, অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে না। তবে শর্ত থাকে যে, ইতোমধ্যে যে সকল করদাতার বিরুদ্ধে কর ফাঁকির অভিযোগ উদঘাটিত হইয়াছে এবং যথাযথ আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রহিয়াছে অথবা ভবিষ্যতে কোন উপযুক্ত কর্তৃপক্ষের অনুসন্ধানের ভিত্তিতে যাহাদের বিরুদ্ধে কর ফাঁকির অভিযোগ উদঘাটিত হইবে তাঁহারা সরকার প্রদত্ত এই সুযোগের অন্তর্ভুক্ত হইবেন না।

৩। এই প্রজ্ঞাপনে বর্ণিত সুযোগ অসাধুভাবে অর্জিত আয় বা/এবং বিনিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

৪। এই প্রজ্ঞাপনের অধীনে চলতি কর বৎসর বলিতে কোন করদাতার রিটার্ণ জমাদানের তারিখের সাথে সংশ্লিষ্ট কর বৎসরকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বদিউর রহমান**
সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।